গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ ,ঢাকা-১০০০
www.dyd.gov.bd.

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৮.০৬.০০২.১৫- তারিখঃ খ্রিঃ

বিষয় ঃ ঋণ কার্যক্রম পরিচালনা বিষয়ক নীতি নির্ধারণী (স্টিয়ারিং) কমিটির ৯ম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্র ঃ ৩৪.০৬০.০০.০০.০০১.০৪.২০১১(অংশ-১)-১৯৪, তারিখঃ ১২/১০/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৩/০৭/২০১৭ খ্রিঃ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সভাকক্ষে যুব উন্নয়ন অধিদপ্তরের ঋণ কার্যক্রম পরিচালনা বিষয়ক নীতি নির্ধারণী (স্টিয়ারিং) কমিটির ৯ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ঋণ কার্যক্রম পরিচালনা বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

<table>
<tr><th>নং</th><th>বিষয়</th><th>বাস্তবায়নযোগ্য সিদ্ধান্ত</th></tr>
<tr><td>১.</td><td>পরিবারভিত্তিক ঋণ কর্মসূচী সম্প্রসারণ</td><td>বিদ্যমান ২৬০টি উপজেলার অতিরিক্ত সংযুক্ত তালিকায় বর্ণিত ৫০টি উপজেলায় Poverty Map অনুসারে পরিবারভিত্তিক (দল কেন্দ্রিক) ঋণ কার্যক্রম সম্প্রসারণ (তালিকা সংযুক্ত);</td></tr>
<tr><td>২.</td><td>জেলা ঋণ কমিটি সম্প্রসারণ</td><td>জেলা ঋণ কমিটিতে উপ-পরিচালক, বিআরডিবি অথবা তাঁর উপযুক্ত প্রতিনিধি এবং জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা অথবা তাঁর উপযুক্ত প্রতিনিধি-কে অন্তর্ভুক্তকরণ;</td></tr>
<tr><td>৩.</td><td>৫% সঞ্চয়ের উপর সার্ভিস চার্জ আদায়</td><td>হিসাবের জটিলতা পরিহার এবং ঋণ সেবাকে অধিকতর যুববান্ধব করার লক্ষ্যে ৫% অগ্রিম সঞ্চয়ের উপর সার্ভিস চার্জ আদায় এবং জমাকৃত টাকার উপর লভ্যাংশ প্রদান রহিত করণ (উভয় কর্মসূচির জন্য);</td></tr>
<tr><td>৪.</td><td>সার্ভিস চার্জের হার পুনঃনির্ধারণ</td><td>ক. আত্মকর্মসংস্থান ঋণ কর্মসূচির ঋণ গ্রহণকারী যুবপুরুষের ক্ষেত্রে ১০%, যুবনারীর ক্ষেত্রে ৯% এবং অটিস্টিক বা বিশেষ চাহিদাসম্পন্ন যুবদের ক্ষেত্রে ৮% সার্ভিস চার্জের হার পূণঃনির্ধারণ;
খ. সার্ভিস চার্জ ১০% আদায়ের ক্ষেত্রে আদায়কৃত অর্থের ১০ ভাগের ৬ ভাগ প্রবৃদ্ধি হিসেবে, ১০ ভাগের ২ ভাগ ঝুঁকি তহবিল হিসেবে, ১০ ভাগের ১ ভাগ প্রশাসনিক ব্যয় তহবিল হিসেবে এবং ১০ ভাগের ১ ভাগ কর্মী পুরস্কার তহবিল হিসেবে জমা ও ব্যবহার;
গ. সার্ভিস চার্জ ৯%আদায়ের ক্ষেত্রে আদায়কৃত অর্থের ৯ ভাগের ৫ ভাগ প্রবৃদ্ধি হিসেবে, ৯ ভাগের ২ ভাগ ঝুঁকি তহবিল হিসেবে, ৯ ভাগের ১ ভাগ প্রশাসনিক ব্যয় তহবিল হিসেবে এবং ৯ ভাগের ১ ভাগ কর্মী পুরস্কার তহবিল হিসেবে জমা ও ব্যবহার;
ঘ. সার্ভিস চার্জ আদায়ের ক্ষেত্রে আদায়কৃত অর্থের ৮ ভাগের ৪ ভাগ প্রবৃদ্ধি হিসেবে, ৮ ভাগের ২ ভাগ ঝুঁকি তহবিল হিসেবে, ৮ ভাগের ১ ভাগ প্রশাসনিক ব্যয় তহবিল হিসেবে এবং ৮ ভাগের ১ ভাগ কর্মী পুরস্কার তহবিল হিসেবে জমা ও ব্যবহার।</td></tr>
<tr><td>৫.</td><td>ঋণের সিলিং বৃদ্ধি</td><td>যুব ঋণের সিলিং বিদ্যমান হতে নিম্নরূপে বৃদ্ধি করা হয়েছে;
<table>
<tr><th colspan="3">আত্মকর্ম (প্রাতিষ্ঠানিক)</th><th colspan="3">আত্মকর্ম (অপ্রাতিষ্ঠানিক)</th><th colspan="3">পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসূচি</th></tr>
<tr><td>১ম দফা</td><td>২য় দফা</td><td>৩য় দফা</td><td>১ম দফা</td><td>২য় দফা</td><td>৩য় দফা</td><td>১ম দফা</td><td>২য় দফা</td><td>৩য় দফা</td></tr>
<tr><td>৫০০০০/- হতে ৬০০০০/-</td><td>৭৫০০০/- হতে ৮০০০০/-</td><td>১০০০০০/- টাকা অপরিবর্তিত</td><td>৩০০০০/- হতে ৪০০০০/-</td><td>৪০০০০/- হতে ৫০০০০/-</td><td>৫০০০০/- হতে ৬০০০০/-</td><td>১০০০০/- হতে ১২০০০/-</td><td>১৫০০০/- হতে ১৬০০০/-</td><td>২০০০০/- টাকা অপরিবর্তিত</td></tr>
</table></td></tr>
<tr><td>৬.</td><td>আত্মকর্মী হতে উদ্যোক্তা উন্নয়ন ঋণ কর্মসূচি প্রবর্তন</td><td>আত্মকর্মী হতে উদ্যোক্তা উন্নয়ন ঋণ (Entrepreneur Development Credit) প্রদান; পরিবারভিত্তিক কর্মসূচির ঋণ তহবিল হতে ৪.০০ (চার) কোটি টাকা ব্যবহার করে ৮টি বিভাগীয় জেলায় পরীক্ষামূলকভাবে "আত্মকর্মী হতে উদ্যোক্তা উন্নয়ন ঋণ (Entrepreneur Development Credit) কার্যক্রম প্রবর্তন;</td></tr>
<tr><td>৭</td><td>বিবিধ</td><td>ক. বিপুল পরিমান ঋণ খেলাপি হওয়ার কারণ অনুসন্ধানপূর্বক উপজেলা ও জেলাভিত্তিক বছরওয়ারি প্রতিবেদন দাখিল করা;
খ. ক্রেডিট সুপারভাইজারগণের দৈনন্দিন কার্যক্রমের ডাইরি সংরক্ষণ করা, উর্ধ্বতন কর্মকর্তাগণ পরিদর্শনের সময় উক্ত ডাইরি পরীক্ষাপূর্বক মন্তব্য লিপিবদ্ধ করা।</td></tr>
</table>

০২। আদেশ জারীর তারিখে হতে বিদ্যমান (১১.০৫.২০১৫ সালে প্রবর্তিত) ঋণ নীতিতে সংশ্লিষ্ট স্থানে বর্ণিত সংশোধনসমূহ কার্যকর হবে বিধায় পূর্বে বিতরণকৃত ঋণের সার্ভিসচার্জ হিসাব ও আদায় এবং ৫% অগ্রিম সঞ্চয় আদায় ও ফেরত বিষয়ে পূর্বের নীতি বলবত থাকবে।

০৩। ক্ষুদ্র ঋণ বিতরণ ও আদায় ব্যবস্থাপনাকে অধিকতর গতিশীল করার লক্ষ্যে গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে প্রতিপালনপূর্বক কার্যক্রম পরিচালনার ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।

স্বাঃ-
(আনোয়ারুল কারিম)
মহাপরিচালক
ফোন-৯৫৫৯৩৮৯
E-mail - dgdyd@gmail.com.

প্রাপকঃ ০১। উপ পরিচালক,
যুব উন্নয়ন অধিদপ্তর, ------------------------- (সকল) জেলা।
০২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,
---------------------(সকল) উপজেলা, --------------------জেলা।

চলমান পাতা/২

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৮.০৬.০০২.১৫- ৪৮৬ তারিখঃ ২৬/১০/২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ঃ

০১। উপ সচিব (যুব-২), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক/প্রকল্প পরিচালক --------------------- (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। উপজেলা নির্বাহী অফিসার --------------------(সকল) উপজেলা, --------------------(সকল) জেলা।
০৫। উপ পরিচালক (দাঃ বিঃপ ও ঋণ) (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৬। অধ্যক্ষ, কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, সাভার, ঢাকা।
০৭। প্রোগ্রামার (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৮। সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ) (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৯। অডিটর, দারিদ্র্য বিমোচন ও ঋণ শাখা (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
১১। অফিস কপি/গার্ড নথি।

২৬/১০/১৭
(মোঃ শাহীনূর রহমান)
সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)

সংযুক্তিঃ সম্প্রসারিত ৫০টি পরিবারভিত্তিক উপজেলার তালিকাঃ

জেলার		উপজেলার		জেলার		উপজেলার	
ক্রঃ নং	নাম	ক্রঃ নং	নাম	ক্রঃ নং	নাম	ক্রঃ নং	নাম
১	জামালপুর	১	মাদারগঞ্জ	১২	বাগেরহাট	২৭	চিতলমারী
		২	জামালপুর সদর			২৮	মোল্লারহাট
২	শেরপুর	৩	শেরপুর সদর	১৩	সাতক্ষীরা	২৯	দেবহাটা
৩	ময়মনসিংহ	৪	ময়মনসিংহ সদর			৩০	তালা
		৫	হালুয়াঘাট			৩১	সাতক্ষীরা সদর
		৬	গফরগাঁও	১৪	যশোর	৩২	বাঘারপাড়া
		৭	মুক্তাগাছা	১৫	মাগুরা	৩৩	মাগুরা সদর
৪	গোপালগঞ্জ	৮	কোটালীপাড়া	১৬	বরিশাল	৩৪	বাবুগঞ্জ
৫	শরিয়তপুর	৯	নড়িয়া			৩৫	মেহেদীগঞ্জ
		১০	জাজিরা			৩৬	আগৈলঝরা
		১১	শরিয়তপুর সদর			৩৭	বরিশাল সদর
৬	বান্দরবান	১২	নাইখংছড়ি	১৭	ভোলা	৩৮	ভোলা সদর
		১৩	থানচি	১৮	পিরোজপুর	৩৯	ইন্দুরকানি
৭	লক্ষীপুর	১৪	লক্ষীপুর সদর			৪০	পিরোজপুর সদর
৮	কুমিল্লা	১৫	মনোহরগঞ্জ	১৯	সিরাজগঞ্জ	৪১	বেলকুচি
		১৬	লাঙ্গলকোট	২০	দিনাজপুর	৪২	খানসামা
৯	চাঁদপুর	১৭	চাঁদপুর সদর			৪৩	বীরগঞ্জ
		১৮	মতলব উত্তর	২১	রংপুর	৪৪	পীরগঞ্জ
		১৯	শাহরাস্তি			৪৫	কাউনিয়া
		২০	কচুয়া	২২	কুড়িগ্রাম	৪৬	রাজারহাট
		২১	হাজীগঞ্জ			৪৭	চিলমারী
১০	সিলেট	২২	কানাইঘাট	২৩	গাইবান্ধা	৪৮	ফুলছড়ি
		২৩	গোয়াইনঘাট			৪৯	গোবিন্দগঞ্জ
১১	খুলনা	২৪	তেরখাদা			৫০	পলাশবাড়ী
		২৫	কয়রা				মোট =৫০ টি
		২৬	পাইকগাছা				

বিঃ দ্রঃ সম্প্রসারিত উপজেলায় ঋণ তহবিল, কেন্দ্র প্রশিক্ষণ বাজেট এবং কেন্দ্র গঠন সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা আলাদাভাবে প্রদান করা হবে। ঋণ সংক্রান্ত ফরম, রেজিষ্টার প্রভৃতির বাজেট ইতোমধ্যে প্রতিটি উপজেলা বরাবরে প্রদান করা হয়েছে।